



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১



৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯- ১৮৫৪

তারিখ: ২১/১/২০

২১-০৯-২০২১ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মো: আজিজুল হক, উপপরিচালক (প্রশাসন) (চ.দা.) ও বিকল্প ফোকাল পয়েন্ট (অভিযোগ প্রতিকার ব্যবস্থা)
তারিখ	:	২১-০৯-২০২১ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান	:	কনফারেন্স রুম, বিএফআরআই, সদর দপ্তর, ময়মনসিংহ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে ইনস্টিটিউটের সহকারী পরিচালক সভার বিবেচ্য বিষয় উপস্থাপনের আহবান জানান। সভাপতির অনুমোদনক্রমে সহকারী পরিচালক সভার বিবেচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। যা নিয়ে উল্লেখ করা হলোঃ

বিবেচ্য বিষয় এক : ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা।

বিবেচ্য বিষয় উপস্থাপন করে সহকারী পরিচালক বলেন যে, ইনস্টিটিউটের দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে আয়োজনের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত সময়ে ইনস্টিটিউটে কোন প্রকার অভিযোগ পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে এতদবিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- ০১। কোন প্রকার অভিযোগ পাওয়া যায়নি। ভবিষ্যতে অভিযোগ পাওয়া গেলে দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০২। ইনস্টিটিউটে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে আয়োজন করতে হবে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আজিজুল হক)
উপপরিচালক (প্রশাসন) (চ.দা.)

ও

বিকল্প ফোকাল পয়েন্ট (অভিযোগ প্রতিকার ব্যবস্থা)

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। সংশ্লিষ্ট নথি/ মাষ্টার নথি।

(জান্নাতুল ফেরদৌস রুমা)
সহকারী পরিচালক (চ.দা.)